দৈনিক ইত্তেফাক ৩১

তারিখ 10 AUG ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

## ৪৭টি পথকলি স্কুলের শিক্ষকদের বেতন-ভাতা বাকী

ইত্তেফাক রিপোর্ট ॥ সারাদেশে ৪৭টি শিশুকল্যাণ (পথকলি) প্রাথমিক বিদ্যালয়ে কয়েকশত ছিন্নমূল দরিদ্র কর্মজীবী পথকলি শিক্ষা লাভ করিতেছে। কিন্তু প্রয়োজনীয় অনুদান ও শিক্ষকদের বেতনভাতা

(৫ম পৃঃ দ্রঃ)

### ৪৭ টি পথকলি

(৩য় পৃঃ পর)

অপরিশোধিত থাকার ফলে এ সকল স্কুলের শিক্ষাদান কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হইতেছে। পথকলি পরিষদের চেয়ারম্যান বেগম মেরিনা রহমান ও মহাসচিব শাহীন রেজা গত শুক্রবার এসকল স্কুল জাতীয়করণ, শিক্ষকদের বেতন-ভাতা বৃদ্ধি, বকেয়া পরিশোধ, পথকলিদের জন্য কারিগরি শিক্ষাদান কর্মসূচী চালু করার দাবী জানাইয়াছেন। তাহারা সরকারকে শিশুকল্যাণ প্রাথমিক শিক্ষক সমিতি (সাবেক পথকলি শিক্ষক সমিতি) উপস্থাপিত ৬ দফা দাবী অবিলম্বে পূরণের জন্য কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।